

অর্থস্বাধীন আদালত-আইন ২০০৩ ধারা ৩৩(১) এর বিধান মতে

নিলাম দরপত্র বিক্রয়

যুগ্ম জেলা জজ ১ম ও অর্থ স্বাধীন আদালত, কক্সবাজার।

উপস্থিতঃ মাহমুদুল হাসান

জজ, অর্থস্বাধীন আদালত, কক্সবাজার।

অর্থস্বাধীন জারী মামলা নং-০৬/২০১৮ইং

মূল অর্থস্বাধীন- ০৪/২০১৪ইং, নিঃ-০৪/০২/২০১৮ইং।

উত্তরা ব্যাংক লিমিটেড, কক্সবাজার শাখা এর পক্ষে উহার ব্যবস্থাপক। পক্ষে..... ডিক্রীদার।

বনাম

১. ইমাম হোসেন চৌধুরী, পিতা-সৈয়দ হোসেন, ব্যবসায়িক ঠিকানা- স্বত্বাধিকারী- মেসার্স পৃথিবী পয়েন্ট, গোলজার শপিং কমপ্লেক্স, এভারসন রোড, কক্সবাজার পৌরসভা, থানা ও জেলা- কক্সবাজার। বর্তমান ঠিকানা- চৌধুরীপাড়া, উত্তর রুমালিয়ারছড়া, কক্সবাজার পৌরসভা, থানা ও জেলা- কক্সবাজার।

২. সৈয়দ হোসেন, পিতা- মৃত বদিউল আলম, সাং- উত্তর রুমালিয়ারছড়া, কক্সবাজার পৌরসভা, থানা ও জেলা- কক্সবাজার।  
.....গ্যারান্টার/বিবাদী।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রীদার উত্তরা ব্যাংক লিঃ কক্সবাজার শাখা দায়িকের নিকট সুদাসলে মামলা খরচ সহ মং= ৬২,৫৮,৮৫৭.৪১ টাকা আদায়ের লক্ষে নিম্ন বর্ণিত তপশীল সম্পত্তি অর্থস্বাধীন আদালত, কক্সবাজার সম্মুখে রক্ষিত নিলামের টেন্ডার বন্ধের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ০৩/১০/২০২২ ইং তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে এবং ঐদিন বেলা ২.৩০ ঘটিকার সময় (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হইবে।

নিলামের শর্তাবলীঃ

১. প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
২. দরপত্র সরাসরি বাস্তবে বা রেজিঃ ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত অর্থস্বাধীন আদালতে প্রেরণ করিতে হইবে।
৩. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে, দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।
৪. দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে, আদালত, দরপ্রস্তাব বাতিল করিতে পারিবে।
৫. উপরে বর্ণিত (৩) দফা মতে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পরবর্তী ১০ (দশ) দিবসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
৬. আদালত কর্তৃক গৃহীত দরপত্র দাতাকে তপশীলে বর্ণিত সম্পত্তির দখল যথাসময়ে বুঝাইয়া দেওয়া হইবে। উক্ত ক্ষেত্রে আইনগত সকল বিধিবিধান প্রযোজ্য হইবে।

তফসিল

মৌজা-বিলংজা বর্তমানে পৌরসভা, থানা/উপজেলা- কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার। আর.এস. খতিয়ান নং-৬০৮, বি.এস. খতিয়ান নং-১২০, এম.আর.আর. খতিয়ান নং-৬৪৯, বি.এস. জমাখারিজ মিউটেশন খতিয়ান নং-৫৩৬০, আর.এস. দাগ নং-১৩৪৪, ১৩৪৫, বি.এস. দাগ নং-৯১৬৪, বি.এস. মিউটেশন দাগ নং- ১১৬৪, জমির পরিমাণ ০০.৩১৫০ একর বা ৩১.৫০ শতক ও তৎস্থিত সেমিপাকা ভবনসহ।

জজ  
অর্থস্বাধীন আদালত  
কক্সবাজার।

৬ইশিঃ ওকলাম